

3 (Sem-5) BEN M 4

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 5.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) সঞ্জীবচন্দ্র কোন স্থান থেকে পালামৌ যাত্রা শুরু করেন ?
- (খ) *The Book of Tea* গ্রন্থের লেখক কে ?
- (গ) টোকিওতে রবীন্দ্রনাথ যে শিল্পীবন্ধুর বাড়িতে ছিলেন তাঁর নাম কী ?
- (ঘ) লাভেহার পাহাড়ের একটি মৌয়া গাছকে সঞ্জীবচন্দ্র কী নাম দিয়েছিলেন ?
- (ঙ) 'পালামৌ' গ্রন্থের প্রবন্ধগুলো প্রকাশের সময় সঞ্জীবচন্দ্র যে ছদ্মনামটি ব্যবহার করেছিলেন তা লেখো।
- (চ) "ইস্কুলে একদিন পিনাঙ সিঙাপুর মুখস্থ করে মরেছি, এ সেই পিনাঙ।" বক্তা কে ?
- (ছ) রবীন্দ্রনাথের বক্তব্য অনুযায়ী আজকের দিনে মানুষের সকল অনুষ্ঠানের মধ্যে কোনটি পৃথিবীকে সবচেয়ে কুন্দ্রী করে তুলছে ?

(2)

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

- (ক) পালামৌ অঞ্চলে কে, কাকে 'খাঁ সাহেব' বলে সম্বোধন করেছিলেন ?
- (খ) সঞ্জীবচন্দ্র তাঁর গ্রন্থে কোল জাতির যে চারটি শাখার উল্লেখ করেছেন তার যে কোনো দুটির নাম লেখো।
- (গ) জাপানিরা সৌন্দর্য-সাধনা থেকে কোন্ দুটি জিনিস লাভ করেছে ?
- (ঘ) রবীন্দ্রনাথ কত তারিখ জাপান পৌঁছেন ? জাপানের কোন্ শহরে তিনি প্রথম পা রাখেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

- (ক) সঞ্জীবচন্দ্রের অনুসরণে লাতেহার পাহাড়ের বর্ণনা দাও।
- (খ) "মনুষ্য বৃদ্ধ না হইলে সুন্দর হয় না।" তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) "আমাদের এই জাপানি কাপ্তানের একটু বিশেষত্ব আছে।" "বিশেষত্ব"টি কী, লেখো।
- (ঘ) জাপানের পথে-ঘাটে রবীন্দ্রনাথ কী দেখে আশ্চর্য হয়েছিলেন এবং আমাদের দেশের লোকদের ব্যবহারের সঙ্গে জাপানিদের ব্যবহারের কীরূপ পার্থক্য তিনি লক্ষ্য করেছেন তা আলোচনা করো।

(3)

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) 'পালামৌ' গ্রন্থে অবলম্বনে সঞ্জীবচন্দ্রের পর্যবেক্ষণ শক্তির পরিচয় দাও।
- (খ) 'পালামৌ' গ্রন্থে অবলম্বনে কোল রমণীদের নৃত্যের বর্ণনা দাও।
- (গ) 'পালামৌ' গ্রন্থে অবলম্বনে কোল জাতির বিবাহ-প্রথার পরিচয় দাও।

খ—গুচ্ছ

- (ঘ) 'জাপানযাত্রী' গ্রন্থে রবীন্দ্রনাথ জাপানি নাচ দেখে যে বিবরণ দিয়েছেন তা লেখো।
- (ঙ) 'জাপানযাত্রী' গ্রন্থে অবলম্বনে জাপানিদের সৌন্দর্যবোধের পরিচয় দাও।
- (চ) ভ্রমণকাহিনি হিসাবে 'জাপানযাত্রী' গ্রন্থের সার্থকতা বিচার করো।
